

গোপালগঞ্জ যৌন হয়রানির অভিযোগে শিক্ষক সাসপেন্ড

■ গোপালগঞ্জ প্রতিনিধি

গোপালগঞ্জে এসএসসি পরীক্ষার্থীকে যৌন হয়রানির অভিযোগে স্কুল শিক্ষক আব্দুল্লাহ আল-মামুনকে সাময়িকভাবে বরখাস্ত করেছে স্কুল কর্তৃপক্ষ। শনিবার শুকতাইল ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের পরিচালনা কমিটির জরুরি বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়।

শুকতাইল ইউপি চেয়ারম্যান শেখ মো. আবেদ আলী জানান, ওই স্কুলের ব্যবসায় শিক্ষা বিষয়ের শিক্ষক আব্দুল্লাহ আল-মামুন শুকতাইল গ্রামের যে বাড়িতে লজিং থাকতেন সেখানে এক ছাত্রীর সাথে অনৈতিক সম্পর্ক গড়ে তুলেন। বিশেষ মুহূর্তের ভিডিও ফুটেজ মোবাইলে ধারণ করে ভয়-ভীতি দেখিয়ে দীর্ঘদিন এই অনৈতিক সম্পর্ক চালিয়ে যাচ্ছিলেন তিনি। সম্প্রতি ওই শিক্ষক নিজ বাড়ি গেলে তার স্ত্রী ভিডিও চিত্রটি দেখে ফেলেন ও ছাত্রীর এক প্রতিবেশীর মোবাইলে পাঠান। ভিডিওটি গ্রামে ছড়িয়ে পড়লে এলাকাবাসী সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. জালাল উদ্দিনকে শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নিতে দাবি জানালে তিনি স্কুল পরিচালনা কমিটির সভাপতি হাজি আব্দুল হালিম ফকির ও প্রধান শিক্ষক শাহিদুল ইসলামকে ওই শিক্ষককে বরখাস্ত করতে নির্দেশ দেন। পরে পরিচালনা কমিটি জরুরি সভা ডেকে ওই শিক্ষককে সাময়িক বরখাস্ত করেন।

স্কুলের প্রধান শিক্ষক মো. শাহিদুল ইসলাম বলেন, এলাকাবাসী ভিডিওর কথা বলছে, কিন্তু আমরা ভিডিও দেখিনি। অভিযোগ প্রমাণিত হলে শিক্ষককে স্থায়ীভাবে চাকরি থেকে বরখাস্ত করা হবে। গোপালগঞ্জ সদর উপজেলার গোপীনাথপুর পুলিশ ফাঁড়ির এসআই মো. ইদ্রিস আলী জানান, ছাত্রীর পরিবারের পক্ষ থেকে অভিযোগ করা হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।